

Embassy of the  
People's Republic of Bangladesh  
Doha, Qatar



سفارة  
جمهورية بنغلاديش الشعبية  
الدوحة - قطر

### বিজ্ঞপ্তি

বাংলাদেশ নির্বাচন কমিশন গত ১৫ নভেম্বর ২০২৩ তারিখে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের সময়সূচীর তফশিল ঘোষণা করেছে। উক্ত সময়সূচীর আলোকে আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদ অনুসারে জাতীয় সংসদ নির্বাচনে বিদেশে বসবাসরত বাংলাদেশি নাগরিকদের ডাকযোগে পোস্টাল ব্যালটের মাধ্যমে তাদের নিজ নিজ নির্বাচনী এলাকায় ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছে। আগ্রহী নাগরিকগণকে ভোটদানের জন্য নির্বাচন কমিশন কর্তৃক নির্বাচনী সময়সূচির তফশিল ঘোষণার দিন হতে ১৫ (পনের) দিনের মধ্যে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট আবেদনের মাধ্যমে “নির্বাচন পরিচালনা বিধিমালা ২০০৮” এর ১১ থেকে ১৫ নং বিধি অনুসরণ করে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। নির্বাচন কমিশনের ওয়েবসাইটের “নির্বাচনী আইন” ট্যাবে “নির্বাচন পরিচালনা বিধিমালা ২০০৮” টি পাওয়া যাবে।

“নির্বাচন পরিচালনা বিধিমালা ২০০৮” এর লিংকঃ

<http://www.ecs.gov.bd/bec/public/files/1/%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%9A%E0%A6%A8%20%E0%A6%AA%E0%A6%B0%E0%A6%BF%E0%A6%9A%E0%A6%BE%E0%A6%B2%E0%A6%A8%E0%A6%BE%20%E0%A6%AC%E0%A6%BF%E0%A6%A7%E0%A6%BF%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%B2%E0%A6%BE,%20%E0%A7%A8%E0%A7%A6%E0%A7%A6%E0%A7%AE.pdf>

দূতাবাসের ওয়েব সাইট, ফেসবুক পেজ ও নোটিস বোর্ডে পোস্টাল ব্যালট এর মাধ্যমে ভোট দেয়ার এ নির্দেশাবলী সংযুক্ত করা হল।

ওয়েবসাইটঃ <https://doha.mofa.gov.bd/>  
ফেসবুকঃ (<https://www.facebook.com/BdootQat>)

